

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৬৫১

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১. দ্বিতীয় অনুচ্ছেদ - সালাম

আরবী

رَعُن

قَتَادَة قَالَ: قَالَ النَّبِيُّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «إِذَا دَخَلْتُمْ بَيْتًا فَسَلِّمُوا عَلَى أَهْلِهِ وَإِذَا خَرَجْتُمْ فَأَوْدِعُوا أَهْلَهُ بِسَلَام» رَوَاهُ الْبَيْهَقِيُّ فِي «شُعَبِ الْإِيمَانِ» مُرْسَلًا

বাংলা

৪৬৫১-[২৪] কতাদাহ্ (রহঃ) হতে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যখন তোমরা গৃহে প্রবেশ করবে, তখন গৃহবাসীকে সালাম দেবে। আর যখন ঘর থেকে বের হবে, তখন গৃহবাসীকে সালাম দিয়ে বিদায় গ্রহণ করবে। (ইমাম বায়হাকী "শু'আবুল ঈমানে" মুরসাল হিসেবে বর্ণনা করেছেন)[1]

ফুটনোট

[1] হাসান : শু'আবুল ঈমান ৮৮৪৫, সহীহুল জামি' ৫২৬, আল জামি'উস্ সগীর ৫২৭, মুসান্নাফ 'আবদুর রায্যাক ১৯৪৫০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ 'আলী কারী (রহিমাহ্লাহ) বলেনঃ যদি বাড়ীতে কেউ না থাকে, তাহলে الصَّالِحِينَ وَعَلَى عِبَادِ اللهِ वल সালাম দেয়া মুস্তাহাব। যাতে সেখানে যে মালাকের (ফেরেশতার) গোপন সংবাদ রয়েছে তাদের প্রতি সালাম পৌঁছে যায়। উল্লেখ্য যে, এখানে إيداع এর অর্থ হলো وداع যা وداع توديع যা وداع । অর্থাৎ সালাম দিয়ে যাত্রা করা। কোন কোন হানাফীর মতে বিদায়ী সালামের জবাব দেয়া মুস্তাহাব। কারণ এটা দু'আ এবং বিদায়, যেমনটি 'আলী কারী বলেন।

শায়খ ''লাম্'আত'' গ্রন্থে বলেনঃ ایداع শব্দটি ایداع থেকে নির্গত হয়েছে। এর অর্থ তোমরা গৃহবাসীদের নিকটে সালামকে গচ্ছিত সম্পদ হিসেবে রাখ। অর্থাৎ তোমরা যখন বের হওয়ার সময় গৃহবাসীদেরকে সালাম দিবে তখন



যেন তা তাদের নিকটে সালামের কল্যাণ ও বারাকাতকে গচ্ছিত সম্পদ হিসেবে রাখে। আর সেটাকে ভবিষ্যতে মানুষ যেমন কোন সম্পদ নিজ লোকের নিকট রেখে পুনরায় নিয়ে নেয়, তোমরা তাদের নিকট থেকে গচ্ছিত সম্পদরূপে গ্রহণ করবে। (মিশকাতুল মাসাবীহ- বোম্বায় ছাপা, ৪র্থ খন্ত, ১৪ পৃষ্ঠা)

হাদিসের মান: হাসান (Hasan) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ কাতাদাহ (রহঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন